



তারিখ: ১৮ এপ্রিল, ২০২২

পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২-এর
শুভেচ্ছা কার্ডের ডিজাইন আহ্বান

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতি বছর উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের পক্ষ হতে শুভেচ্ছা কার্ড তৈরি করে ডিজিটাল পদ্ধতিতে প্রচার করা হয়। শিক্ষার্থীদের উদ্দীপনা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চারুকলা বিভাগের শিক্ষার্থীদের নিকট হতে শুভেচ্ছা কার্ডের ডিজাইন আহ্বান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ এবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের আত্রহী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নলিখিত বর্ণনাক্রমে পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২-এর (একই কার্ডে উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের পক্ষ হতে) শুভেচ্ছা কার্ডের ডিজাইন আহ্বান করা হয়েছে।

বিবরণ	বর্ণনা
শুভেচ্ছা কার্ডের সাইজ	: প্রস্থ ১২" X উচ্চতা ৭"
লগো	: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রঙিন লগোসহ
স্বাক্ষর	: উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের স্বাক্ষর সম্বলিত
বিষয়বস্তু/উপলক্ষ	: পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২

আত্রহী শিক্ষার্থীদের নিকট হতে **আগামী ২০ এপ্রিল-২০২২ তারিখের** মধ্যে হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং সফট কপি **prip@jnu.ac.bd** ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

যে শিক্ষার্থীর ডিজাইনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত মনোনয়ন করা হবে, তাকে বিধি মোতাবেক সম্মানী প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. চেয়ারম্যান, চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিভাগীয় নোটিশ বোর্ড ও শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধসহ প্রেরিত)।
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক, আইসিটি সেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরিত)।
৪. আহ্বায়ক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন মুদ্রণ উপকরণ ডিজাইন ও মুদ্রণ সংক্রান্ত কাজগুলোর সম্মানী প্রদানের লক্ষ্যে একটি সমন্বিত আর্থিক নীতিমালা প্রণয়ন কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।
৫. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস নথি।